গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.mofood.gov.bd

০৮ আষাঢ় ১৪২৪

নং-১৩.০০.০০০০.০২৪.০৬.০০২.২০১৬- ১৬৭(৫০) তারিখঃ-----------------------

২২ জুন ২০১৭

**বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

জুন-২০১৭ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, কার্যবিবরণী এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে Upload করা হয়েছে। সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি (পেন্ডিং বিষয়সহ) আগামী ১০.০৭.২০১৭ খ্রি. তারিখের মধ্যে সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণিতমতে।

22.06.2017

(মোঃ সিরাজুল ইসলাম)
যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ)
ফোনঃ ৯৫৪০১২১
ই-মেইলঃ dscoordination@mofood.gov.bd

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(সংগ্রহ ও সরবরাহ),খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণী।
৩। মহা-পরিচালক,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৪। যুগ্ম-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত মহা-পরিচালক, খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৬। মহা-পরিচালক,এফপিএমইউ,খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
৭। আইন উপদেষ্টা,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৮। পরিচালক (প্রশাসন /সববি/সংগ্রহ/চসসা/আইডিটিএস/হিসাব ও অর্থ/প্রশিক্ষণ), খাদ্য অধিদপ্তর।
৯। উপ-সচিব (সকল)/ উপ-প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়।
১০। পরিচালক (খানিপু/ উৎপাদন/ নীতি/ বাজার), এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ২৯৯ নং দক্ষিণ জুরাইন, ঢাকা।
১৩। সচিবের একান্ত সচিব,খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১৪। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
১৬। সিষ্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর।
১৭। অতিরিক্ত পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা), খাদ্য অধিদপ্তর।
১৮। সহকারী প্রকৌশলী (পরিকল্পনা কোষ),খাদ্য মন্ত্রণালয়।
১৯। বাজেট অফিসার,খাদ্য মন্ত্রণালয়।
২০। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়। ২১.০৬.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। সংযুক্ত কার্যবিবরণী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

**জুন-২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ কায়কোবাদ হোসেন
ভারপ্রাপ্ত সচিব
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময়ঃ ২১.০৬.২০১৭ খ্রি. সকাল ১০-৩০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশ করা আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মে-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। মে-২০১৭ মাসে অনুষ্ঠিত গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

## খাদ্য মন্ত্রণালয়

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. খাদ্য মন্ত্রণলয়ের শূন্য পদে জনবল নিয়োগ | সভায় আলোচনা হয় যে, ৩য় ও ৪র্থ শ্রণির ১৬টি পদ শূন্য পদে এখনও নিয়োগ প্রক্রিয়া শুরু করা হয়নি। দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে মর্মে সচিব পূনরায় নির্দেশ প্রদান করেন।<br><br>জনবল প্রমিতকরণে সৃষ্ট ৩য় ও ৪র্থ শ্রেণির ৯টি পদে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করা হলে নিয়োগ প্রক্রিয়ায় অন্তর্ভূক্ত করে কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মেও সভায় নির্দেশ প্রদান করা হয়। | খাদ্য মন্ত্রণালয়ের বিদ্যমান ১৬টি শূন্য পদে জনবল নিয়োগের প্রক্রিয়া দ্রুত শুরু করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ২. ইন হাউজ প্রশিক্ষণ | সভায় জানানো হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিগণকে ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। মে-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে এ যাবৎ মোট ১৭৯ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়। | ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। | যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয় |
| ৩. শাখা পরিদর্শন | মে-২০১৭ মাসে তদন্ত শাখা পরিদর্শন করা হয়েছে। প্রতিটি শাখা পরিদর্শনপূর্বক পরিদর্শনকালীন প্রাপ্ত অনিয়ম/ত্রুটিসমূহ সংশোধনের লক্ষ্যে শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

<table>
<tr>
<td>৪. ই-ফাইলিং</td>
<td>সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং এ কাজের পরিমাণ অনেক কমে গেছে। মন্ত্রণালয়/ বিভাগসমূহের মধ্যে বর্তমানে খাদ্য মন্ত্রণালয়ের অবস্থান অনেক নীচে নেমে এসেছে। ই-ফাইল বাস্তবায়নের কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনাশেষে সকল ক্ষেত্রে ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধি এবং প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন।</td>
<td>প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করতে হবে।</td>
<td>সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান, খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৫. অডিট আপত্তি নিষ্পত্তি</td>
<td>যুগ্ম-সচিব (অডিট) সভায় জানান যে, মে-২০১৭ মাসে অগ্রিম আপত্তি নিষ্পত্তির জন্য বরিশাল বিভাগে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচিত আপত্তি ২৫টি, নিষ্পত্তির সংখ্যা-------টি। ৩৬টি অনুচ্ছেদের ব্রডসিট জবাব প্রেরণ করা হয়েছে। অডিট অধিশাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী অগ্রিম, খসড়া ও সংকলনভূক্ত অডিটের তথ্য নিম্নে দেখানো হলঃ<br>
(ক) অগ্রিম
<table>
<tr><th>বিবরণ</th><th>এপ্রিল- ২০১৭</th><th>মে-২০১৭</th></tr>
<tr><td>প্রারম্ভিক আপত্তি -----</td><td>২৮৩২</td><td>২৮৫৩</td></tr>
<tr><td>সংযোজিত আপত্তি ---</td><td>২৩</td><td>১৮</td></tr>
<tr><td>মোট আপত্তি ---</td><td>২৮৫৫</td><td>২৮৭১</td></tr>
<tr><td>নিষ্পত্তিকৃত (জারিপত্র)</td><td>০২</td><td>০০</td></tr>
<tr><td>অবশিষ্ট আপত্তি -----</td><td>২৮৫৩</td><td>২৮৭১</td></tr>
<tr><td>ব্রডশিট জবাব -----</td><td>১৩</td><td>৩৬</td></tr>
<tr><td>ত্রিপক্ষীয় সভা -----</td><td>০০</td><td>০১</td></tr>
<tr><td>আলোচিত আপত্তি ---</td><td>০০</td><td>২৫</td></tr>
<tr><td>নিষ্পত্তির সুপারিশ ---</td><td>০০</td><td>০০</td></tr>
</table>
(খ) খসড়া-৭৬৩টি</td>
<td>অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে এবং প্রতিমাসে কমপক্ষে ১টি ত্রিপক্ষীয় সভা করতে হবে।</td>
<td>যুগ্ম-সচিব (বাজেটও অডিট) এবং যুগ্মসচিব (অডিট), উপ-সচিব (অডিট-৩), খাদ্য মন্ত্রণালয় ও মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td></td>
<td>(গ) সংকলনভূক্ত-৫৮২টি</td>
<td></td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৬ অভিযোগ ব্যবস্থাপনা</td>
<td>
<table>
<tr><td>জের</td><td>বর্তমান মাসে প্রাপ্ত</td><td>মোট অভিযোগ</td><td>নিষ্পত্তির সংখ্যা</td><td>অনিষ্পন্ন সংখ্যা</td><td>তিন মাসের উপরে</td><td>ছয় মাসের উপরে</td><td>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা</td></tr>
<tr><td>৪৭</td><td>০১</td><td>৪৯</td><td>০৩</td><td>৪৬</td><td>০৯</td><td>৩১</td><td>০৪</td></tr>
</table>
অভিযোগের গুরুত্ব বিবেচনা করে আগামী সভার পূর্বে ৬ মাসের অধিক সময় অনিষ্পন্ন অভিযোগ এর বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন) খাদ্য অধিদপ্তরকে নির্দেশ দেয়া হয়। এছাড়া, দীর্ঘদিন যে সমস্ত অভিযোগের তদন্ত খাদ্য অধিদপ্তরে পেন্ডিং আছে তা তদন্তপূর্বক সত্বর প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন।<br><br>
পরিচালক (প্রশাসন) খাদ্য অধিদপ্তর সভায় জানান যে, অনিষ্পন্ন ৪৫টি অভিযোগের সংক্ষিপ্ত তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপঃ<br><br>
* জুন-২০১৭ মাসে অনিষ্পন্ন সংখ্যা-৪৬টি<br>
* অভিযোগের নিষ্পত্তিপত্র জারি-০১টি<br>
* মন্ত্রণালয়ে প্রেরিত অভিযোগ তদন্ত প্রতিবেদন-২১টি<br>
* প্রেরণের উদ্দেশ্যে প্রক্রিয়াধীন প্রতিবেদন সংখ্যা-০৫টি<br>
* তদন্তাধীন অভিযোগ সংখ্যা-১৫টি<br>
* খাদ্য মন্ত্রণালয়ে তদন্তাধীন অভিযোগ সংখ্যা-০৪টি
</td>
<td>(১) ৬ মাসের অধিক অনিষ্পন্ন অভিযোগের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে<br><br>(২) যে সমস্ত অভিযোগের তদন্ত খাদ্য অধিদপ্তরে দীর্ঘদিন পেন্ডিং আছে তা সত্বর প্রেরণ করতে হবে।</td>
<td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাঃ), খাদ্য অধিদপ্তর<br><br>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাঃ), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৭. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</td>
<td>যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশসহ কর্মপরিকল্পনার ফরমেট পাওয়া গেছে। যথাসময়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে মর্মেও সভাকে অবহিত করা হয়।<br><br>
মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্স আয়োজন না হওয়ায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রম বাস্তবায়িত হয়নি। বিধায়, এ বিষয়ে ২২ জুন তারিখের মধ্যে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বৃহত্তর সিলেটের জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে ভিডিও কনফারেন্সের আয়োজন করার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়।</td>
<td>(১) ২০১৭-২০১৮সালের জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br><br>(২) হাওড় অঞ্চল বেষ্টিত জেলাসমূহের মধ্যে ডিসি ফুড, সুনামগঞ্জ/ সিলেট এর সাথে ভিডিও কনফারেন্স আয়োজন করতে হবে।</td>
<td>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং যুগ্-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৮. APA ২০১৭-২০১৮ বাস্তবায়ন | সভায় আলোচনা হয় যে, খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষর সাথে ২০১৭-২০১৮ সালের জন্য APA স্বাক্ষর করা হয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে APA আপলোড করাসহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হয়েছে।<br><br>সচিব সভায় জানান যে, ২০১৭-২০১৮ সালের APA মন্ত্রিপরিষদ বিভাগে চূড়ান্তভাবে প্রেরণ করা হলেও অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ সহ বেশ কয়েকটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা পূনঃ বিন্যাস করে ২০১৭-২০১৮ অর্থ বছরের ১ম কোয়ার্টারের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ প্রস্তাব প্রেরণ করতে হবে। এছাড়া, ২০১৬-২০১৭ সালের APA এর মূল্যায়ন ১৬ জুলাই এর পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ২০১৬-২০১৭ সালের APA এর মূল্যায়ন ১৬ জুলাই এর পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | যুগ্-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-১ | **EFT Sallery Transfer**<br>সভায় আলোচনা হয় যে, গত ২/১ মাস যাবত বেশ কিছু কর্মকর্তার মোবাইলে EFT বার্তা পাওয়া যাচ্ছে না। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, বিষয়টি সিএও দপ্তরের আওতার্ভূক্ত নয়। তবে, সমস্যা জানা মাত্র সমাধানের চেষ্টা করা হয়। বাংলাদেশ ব্যাংক বা সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যাংক হিসাবের থেকে বেতন হিসাবর্ভূক্ত করার তথ্য নেয়া হয়। সমস্যাটি অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট EFT কর্তৃপক্ষকে অবহিত করে সমাধানের উদ্যোগ গ্রহণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | বেতন হিসাবভূক্ত করার তথ্য নেয়া হয়। সমস্যাটি অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট EFT কর্তৃপক্ষকে অবহিত করে সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সিএও, খাদ্য মন্ত্রণালয় |
| | **সাংগঠনিক কাঠমো পৃষ্ঠাংকিত কপি সংগ্রহ**<br>খাদ্য অধিদপ্তরের নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণে সাংগঠনিক কাঠামো তথা পদ ভিত্তিক অর্থ মন্ত্রণালয়ের পৃষ্ঠাংকন কপি প্রয়োজন। বিষয়সমূহ অনেক পুরাতন। জুন মাসের ব্যস্ততায় তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় আলোচনা হয়। আগামী জুলাই, ২০১৭ মাসে তল্লাশির মাধ্যমে তথ্য সংগ্রহ কাজে সংশ্লিষ্ট সকলকে সহযোগীতা প্রদানের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | জুলাই, ২০১৭ মাসে তল্লাশির মাধ্যমে সাংগঠনিক কাঠমোর পৃষ্ঠাংকিত তথ্য সংগ্রহ করতে হবে। | সিএও, খাদ্য মন্ত্রণালয় এবং পরিচালক (প্রশাঃ), খাদ্য অধিদপ্তর |
| বিবিধ-২ | সভায় আলোচনা হয় যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জনবল কাঠামো চূড়ান্তকরণের মাধ্যমে কর্তৃপক্ষ পরিপূর্ণভাবে কার্যক্রম শুরু হলে মন্ত্রণালয়ে কাজের পরিধি বিস্তৃত হবে। বিস্তারিত আলোচনা শেষে মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখাসমূহের দায়িত্ব/ কার্যপরিধি পুনঃবিন্যাসকরণে সকল সদস্য একমত পোষণ করেন। সভায় একটি কমিটি গঠনের মাধ্যমে পুনবিন্যাস এর ব্যবস্থা গ্রহণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | একটি কমিটি গঠনের মাধ্যমে পুনবিন্যাস এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

| | খাদ্য অধিদপ্তর | | |
|---|---|---|---|
| ১. শূন্য পদে নিয়োগ ও নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণ | সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের ২য় থেকে ২০তম গ্রেডে মোট ৪৪১৭টি পদ শূন্য রয়েছে। নিয়োগ বিধিমালায় বাদ পড়া ৪টি পদ অন্তর্ভূক্তির জন্য ১১.০৪.২০১৭ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রয়োজনীয় কাগজপত্রসহ সম্পূরক প্রস্তাবের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটির সর্বশেষ সভা গত ১১.০৫.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ বিধিমালা সচিব কমিটিতে উপস্থাপনের জন্য ১১টি শর্ত পূরণপূর্বক করণীয় (রেকর্ডপত্রসহ) ৩১সেট প্রেরণের জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে মর্মে উপ-সচিব (প্রশাঃ-২) সভাকে অবহিত করেন। | খাদ্য অধিদপ্তরের নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর ও উপ-সচিব (প্র-২), খাদ্য মন্ত্রণালয় |
| ২.অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ | **(ক) বোরো সংগ্রহ-২০১৭**<br>সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৭ মৌসুমে এফপিএমসি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন, সিদ্ধ চাল ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন এবং আতপ চাল ১.০০ (এক) মেট্রিক টন। ধানের সংগ্রহ মূল্য ২৪/-, সিদ্ধ চাল ৩৪/- ও আতপ চালের মূল্য ৩৩/-টাকা। সভায় জানানো হয় যে, ২০.০৬.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত মিলারগণের সাথে প্রায় ২ লাখ ১০ হাজার মেট্রিক টন সিদ্ধ এবং ৯ হাজার ৮৩২ মেট্রিক টন আতপ চালের চুক্তি করা হয়। এ যাবত ৪২,৪৪২ মেট্রিক টন সিদ্ধ ও ৩০৩৭ মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে। মিলারগণ ধীর গতিতে চাল সরবরাহ শুরু করেছেন। বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সর্বাত্বক তৎপর থাকার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। | বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সর্বাত্বক তৎপর থাকতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |
| | **(খ) গম সংগ্রহ-২০১৭**<br>সভায় জানানো হয় যে, চলতি মৌসুমে গম সংগ্রহ লক্ষ্যমাত্রা ১.০০ (এক) লাখ মেট্রিক টন। সংগ্রহ মূল্য প্রতিকেজি ২৮/-টাকা। ২০.০৬.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ৮৭ হাজার ৫৬৩ মেট্রিক টন গম সংগ্রহ করা হয়েছে। গম সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে জোর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সচিব পরামর্শ প্রদান করেন। | গম সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |
| ৩. খাদ্যশস্য বিতরণ ও বাজার দর মনিটরিং | **(ক) খাদ্যবান্ধব কর্মসূচি**<br>**ভোক্তা অধিকার হালনাগাদকরণ**<br>সভায় জানানো হয় যে, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলাড করা হয়েছে। ভোক্তা তালিকায় স্বচ্ছল ব্যক্তি/ পরিবারের নাম থাকলে তা জানানোর প্রচারণা অব্যাহত রয়েছে।<br><br>সুবিধাভোগী/ ভোক্তা তালিকার সংখ্যা উপজেলা ভিত্তিক আনুপাতিক প্রাপ্যতা সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী অর্থ বছরে খাদ্যবান্ধব কর্মসূচি শুরু হওয়ার পূর্বে ভোক্তা তালিকা উপজেলা ভিত্তিক প্রাপ্যতা অনুযায়ী সংশোধন/ সমন্বয় এর প্রস্তাব যাচাই বাছাই পূর্বক অনুমোদন দেয়ার জন্য সভায় নির্দেশ দেয়া হয়। | উপজেলা ভিত্তিক প্রাপ্যতা অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকা সংশোধন/ সমন্বয় করতে হবে। | উপ-সচিব (সরবরাহ), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| | **(খ) ওএমএস খাতে চাল ও আটা বিক্রয়**<br><br>সভায় জানানো হয় যে, হাওড় বেষ্টিত ৫টি জেলার ২৭৯টি কেন্দ্রে প্রতিদিন ০১ (এক) মেট্রিক টন হিসাবে মোট ২৭৯ মেট্রিক টন চাল ওএমএস খাতে বিক্রয় করা হচ্ছে। এছাড়া, ঢাকা মহানগর এবং তেজগাঁও সার্কেল, কেরানিগঞ্জ উপজেলা, সকল বিভাগীয় ও জেলা শহরে ওএমএস খাতে আটা বিক্রয় অব্যাহত আছে। এ পর্যন্ত ওএমএস খাতে আটা বিক্রয়ের জন্য ময়দাকলে ২ লাখ ৯৩ হাজার মেট্রিক টন গমের আনুপাতিক পরিমাণ ২ লাখ ২৫ হাজার মেট্রিক টন ফলিত আটা বিক্রয় করা হয়েছে। ওএমএস কার্যক্রমের উপর যথাযথ নজরদারি নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। | যথাযথ নজরদারি রেখে ওএমএস খাতে চাল ও আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক পরিচালক (সরবি), খাদ্য অধিদপ্তর |
| | **(গ) চাল ও আটার বাজারমূল্য মনিটরিং**<br><br>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পণা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে ঢাকা মহানগরের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর হতে দেখা যায় যে, ঢাকা মহানগরের পাইকারি দরে প্রতিকেজি চাল ৪৫-৪৭ টাকা এবং খুচরা প্রতিকেজি ৪৫-৪৬ টাকা। খোলা আটার গড় বাজার দর প্রতিকেজি ২৩-২৫ টাকা।<br><br>বিভাগীয়/ জেলা ও উপজেলার বাজার দর অনুযায়ী খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর আওতাধীন এ গড় বাজার দর খুচরা প্রতিকেজি চাল ৩৯.৭৪ টাকা এবং আটা ২৪.১৬ টাকা। | (১) ঢাকা মহানগরের বাজারদর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যহত রাখতে হবে।<br><br>(২) খাদ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং এ প্রাপ্ত বাজার দর সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট |
| ৪.রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ওঅন্যান্য নির্মাণ | **গুদাম মেরামত**<br>পরিচালক (আইডিটিএস) সভায় জানান যে, রাজস্ব বাজেটে মেরামত/ সংস্কার এর আওতাধীন ৬২টি কাজের মধ্যে ৫৯টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩টি কাজের সার্বিক অগ্রগতি ৭৩%। এ সকল কাজের আওতাধীন ১২২টি গুদামের মধ্যে ১১৪টি গুদামের মেরামত/ সংস্কার সমাপ্ত হয়েছে। অন্তর্ভূক্ত গুদামের ধারণক্ষমতা ৭৫ হাজার ২৫০ মেট্রিক টন। অবশিষ্ট ৮টি গুদামের কাজ দ্রুত শেষে করার জন্য সভায় নির্দেশ দেয়া হয়। | মেরামতের আওতাধীন অবশিষ্ট ৮টি গুদামের মেরামত কাজসমূহ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |

<table>
<tr>
<td></td>
<td>
অন্যান্য নতুন নির্মাণ<br>
(ক) ২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৪-২০১৫ সালের সংশোধিত) নির্মাণ কাজের ১৫টির মধ্যে ১৪টি সমাপ্ত হয়েছে। সর্বশেষ সোনাইমুড়ী এলএসডি'র সীমানা প্রাচীর নির্মাণ কাজটি ১০০% সম্পন্ন হয়েছে।<br><br>
(খ) ২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৫-২০১৬ সালের সংশোধিত) নির্মাণ কাজ মোট ১৪টির মধ্যে ৯টি কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। অবশিষ্ট ৫টি কাজ নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কাজের নাম</th><th>কার্যাদেশ নং ও তারিখ</th><th>৩০.০৪.২০১৭ তারিখ পর্যন্ত অগ্রগতি</th></tr>
<tr><td>১.</td><td>মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর এলএসডি'র সীমানা প্রাচীর রিটেইনিং ওয়াল ও আরসিসি রাস্তা নির্মাণ কাজ (লট-০২)</td><td>৩০.০৩.২০১৬<br>৪১৭</td><td>৭৩%</td></tr>
<tr><td>২.</td><td>নোয়াখালী জেলার সোনাইমুড়ী এলএসডি'র স্রাব বিম, কলাম (এফ,এস-৩,৪ ও ৫) এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ (লট-০৫)</td><td>৩০.০৩.২০১৬<br>২৫২</td><td>৫৫%</td></tr>
<tr><td>৩.</td><td>খাগড়াছড়ি জেলার ছোট মুডং এলএসডি'র রিটেইনিং ওয়াল ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ (লট-০৬)</td><td>৩০.০৩.২০১৬<br>৪১৯</td><td>৯২%</td></tr>
<tr><td>৪.</td><td>সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর (নতুন ক্যাম্পাস) খাদ্য গুদাম কেন্দ্রের সীমানা প্রাচীর এর নির্মাণ কাজ (লট-০৭)</td><td>২৪.০২.২০১৬<br>২৫৩</td><td>৮৬%</td></tr>
<tr><td>৫.</td><td>সুনামগঞ্জ জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সুনামগঞ্জ এর ২য় তলা বিশিষ্ট (ভিত্তি ৪ তলা) অফিস বিল্ডিং নির্মাণ কাজ (লট-১২)</td><td>৩০.০৩.২০১৬<br>৪২৩</td><td>৯২%</td></tr>
<tr><td></td><td colspan="3">৫টি কাজের সার্বিক অগ্রগতি-৭৪%।</td></tr>
</table>
</td>
<td>অবশিষ্ট ৫টি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৫. আইন ভাষান্তর</td>
<td>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী খাদ্য অধিদপ্তরের বিদ্যমান ২টি আইন Out-Sourcing এর মাধ্যমে ভাষান্তর সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রাপ্ত খসড়া প্রমিতকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'বাংলা ভাষা বাস্তবায়ন কোষ' এ প্রেরণের জন্য সভায় নির্দেশ দেয়া হয়।</td>
<td>আইনের খসড়া প্রমিতকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ এ প্রেরণ করতে হবে।</td>
<td>যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৬. মামলা সম্পর্কিত | (ক) সভায় জানানো হয় যে, মামলার তথ্য জেলা অফিস গুলোতে সফট ওয়ারে নিয়মিতভাবে এন্ট্রি করার জন্য খাদ্য অধিদপ্তরের নির্দেশনার প্রেক্ষিতে ৬১টি জেলায় মামলার হালনাগাদ তথ্য সফট ওয়্যারে আপলোড করা হয়েছে। বান্দরবানে কোন মামলা নেই। রাজশাহী ও কুমিল্লা জেলায় টেকনিক্যাল কারণে তথ্য আপলোড করা যায়নি। তবে, সমস্যাটি ইতোমধ্যে সমাধান করা হয়েছে মর্মে আইন উপদেষ্টা সভায় অবহিত করেন। | মামলার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর |
| | (খ) সিলেটের আম্বরখানা মৌজায় খাদ্য বিভাগের নামীয় ৪৬ শতাংশ জমি অবৈধভাবে দখল প্রচেষ্টাকারীদের থেকে রক্ষা এবং বরিশাল শহরের আলেকান্দা মৌজার ১০ (দশ) শতাংশ জমির মামলার বিষয়ে ভিন্ন একটি বিশেষ সভা অনুষ্ঠিত হবে মর্মে সভায় জানানো হয়। | হালনাগাদ তথ্যের ভিত্তিতে জুলাই, ২০১৭ মাসে মামলার বিষয়ে ভিন্ন একটি সভা করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর |
| | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ** | | |
| ১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম | সভায় জানানো হয় যে, নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম আরও বৃদ্ধি করা হয়েছে। পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠানের জন্য সকল জেলা প্রশাসককে ডিও পত্র দেয়া হয়েছে। নিরাপদ খাদ্য আইনের ব্যাখ্যা, শাস্তির পরিধি অবহিত করার জন্য বলা হয়েছে। ভেজালরোধে পরিস্কার-পরিচ্ছন্নতার গুরুত্ব আলচনায় অন্তর্ভুক্ত করার জন্য বলা হয়েছে। আইএসএফবি কর্তৃক প্রস্তুতকৃত কার্টুন সম্বলিত একটি টিভিস্পট বিভিন্ন টেলিভিশন চ্যানেলে প্রচার হচ্ছে। একটি মোবাইল এ্যাপস ও একটি বুকলেট তৈরির কাজ হাতে নেয়া হয়েছে। নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিতকরণে জনসচেতনতা বৃদ্ধিমূলক ব্যাপক প্রচার কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। | নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ২. জনবল কাঠামো চূড়ান্তকরণ ও অন্যান্য বিষয় | (ক) সভায় আলোচনা হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সৃজিত ৩৬৫টি পদ এর স্কেল ভেটিং করা হয়েছে। সচিব সভায় উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ থেকে পাওয়ার পর মাননীয় মন্ত্রীর স্বাক্ষরিত সার-সংক্ষেপসহ সচিব সভায় উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে ৩১.০৫.২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে। আগামী ০৫ জুলাই, ২০১৭ মাসে জনবল কাঠামো চূড়ান্তকরণের জন্য সভা আহবান করা হয়েছে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জনবল চূড়ান্তকরণে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(খ) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি গঠন**<br>সভায় আলোচনা হয় যে, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির গঠন কাঠামো (কর্মপরিধিসহ) খাদ্য মন্ত্রণালয়ের প্রস্তাবের ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন পাওয়া গেছে। খাদ্য মন্ত্রণালয় হতে দুত কমিটি গঠনের পরিপত্র জারি করার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। | দুত কমিটি গঠনের পরিপত্র জারি করতে হবে। | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(গ) ল্যাবরেটরির প্যারামিটার ডেজিগনেটকরণ**<br>**বাংলাদেশ** নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ল্যাবরেটরির প্যারামিটারগুলো ইতোমধ্যে ডেজিগনেট করণের জন্য নথি | দুত পত্র জারি করতে হবে | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| | উপস্থাপন করা হয়েছে। | | |
| | **(ঘ) জাতীয় নিরাপদ খাদ্য দিবস" ঘোষণাকরণঃ**<br>সভায় জানানো হয় যে, অর্থ বিভাগ কর্তৃক ২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গঠিত হওয়ায় ঐ তারিখে "জাতীয় নিরাপদ খাদ্য দিবস" ঘোষণার জন্য অনাপত্তি পাওয়া গেছে। সম্মতি প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | জাতীয় নিরাপদ খাদ্য দিবস ঘোষণনাকরণের সম্মতি প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(ঙ) টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্টের ডামি চিত্র অনুমোদনঃ**<br><br>চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় জানান যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃক্ষের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক ৪টি টিভি ফিলার/স্পট নির্মাণের জন্য প্রায় দেড় বছর পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয় এবং গত অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠানকে নির্মাণ ব্যয় বাবদ ১১,০০,০০০/- টাকা প্রদান করা হয়। প্রতিষ্ঠানটি কর্তৃক টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট প্রণয়নসহ ডামি চিত্র কয়েকবার খাদ্য মন্ত্রণালয়ে মাননীয় খাদ্য মন্ত্রীর উপস্থিতিতে উপস্থাপন করা হয়েছে। বিষয়টি যাচাই-বাছাই করে টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট/ চিত্র চূড়ান্ত অনুমোদনের সভায় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ) কে দায়িত্ব প্রদান করা হয়। | টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট চিত্র অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ) এবং উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| পেন্ডিং বিষয় | সভায় আলোচনা হয় যে, পেন্ডিং বিষয়ে কোন দপ্তর/ অধিশাখা/ শাখা হতে কোন তালিকা পাওয়া যায়নি। পেন্ডিং বিষয় না থাকায় এ বিষয়ে কোন আলোচনা করা হয়নি। আগামী মাসিক সমন্বয় সভার জন্য সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৮৩ নং অনুচ্ছেদ অনুসরণে মন্ত্রণালয়ের অধিশাখা/ শাখায় উক্ত নির্দেশমালার ২৬ নং ক্রোড়পত্র এবং সংস্থাসমূহকে ২৭নং ক্রোড়পত্র অনুসরণে পেন্ডিং তালিকা প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | মন্ত্রণালয়ের অধিশাখা/ শাখায় সচিবালয় নির্দেশমালার ১৮৩ নং অনুচ্ছেদের আলোকে ক্রোড়পত্র ২৬ এবং ২৭ নং অনুসরণে পেন্ডিং তালিকা উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/6/17

(মোঃ কায়কোবাদ হোসেন)
ভারপ্রাপ্ত সচিব